

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

৪৬.০২০.০০৪.০১.০০.১০৪৩.২০১৬- ২৬৬


তারিখ : ২৮/১২/১৭

বিষয় : রীট পিটিশন নং-১৪৩৫৬/২০১৬, বাদী জনাব মোঃ সাইদুর রহমান (রতন), পিতা-মৃত. আব্দুল খালেক সরকার, গ্রাম- দেওপাড়া, চেয়ারম্যান প্রার্থী কানিহারী ইউনিয়ন পরিষদ, থানা-ত্রিশাল, জেলা-ময়মনসিংহ-বনাম-সরকার ও অন্যান্য।

ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন ৪ নং কানিহারী ইউনিয়ন পরিষদের নির্বাচনের ফলাফল সংক্রান্ত বিষয়ে বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৪৩৫৬/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ ইস্যু পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য নির্দেশ দিয়েছেন।

২। এমতাবস্থায়, বর্ণিত রীট পিটিশনে মহামান্য আদালতের নির্দেশনা বাস্তবায়নসহ যাবতীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।
Email-ishanaliraja@gmail.com

জেলা নির্বাচন কর্মকর্তা
ময়মনসিংহ।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। উপসচিব (ইপ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।